শিক্ষক আবু আব্দুল্লাহ মিলন সাময়িক বরখাস্ত

মাদক ব্যবসার অভিযোগে অভিযুক্ত প্রাথমিক কুলবাড়ীয়া শহীদ হারেজ উদ্দীন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আবু আব্দুল্লাহ(মিলন)কে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

সোমবার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার স্বক্ষরিত এক আদেশে তাকে বরখাস্ত করা হয়। যার স্মারক নম্বর জেপ্রাশিঅ/মেহের/১৫২২/৮। অফিস আদেশে তাকে গত ১৫/১২/১৯ইং তারিখ হতে সাময়িক বরাখাস্ত করা হয়।

বরখাস্ত হওয়া শিক্ষক মিলন মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামের মুক্তিযোদ্ধা ও পল্লী চিকিৎসক আব্দুল বাকীর ছেলে।

আরো পড়ুন: শিক্ষক মিলনকে নিয়ে নিন্দার ঝড়

জানা গেছে, গত ১৪ ডিসেম্বর শনিবার বিকেলে দেবীপুর গ্রামের একটি বাশঁবাগান ভারতীয় অবৈধ ফেন্সিডিল বিক্রয় করার সময় ৬০ বোতল ফেন্সিডিলসহ আবু আব্দুল্লাহ মিলন (৪০)কে আটক করে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের একটি দল।

তার নামে গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ ধারা-৩৬(১) এর ১৪(গ)/৪১একটি মামলা হয়েছে। এজাহারে অভিযুক্ত মামলা নম্বর ১৩/২৮২ তারিখ-১৪/১২/২০১৯ইং ।

অপরদিকে গাংনী থানা সূত্র জানায়, এর আগেও মাদক মামলায় এজাহারে অভিযুক্ত ২০১৮ সালের ২৪ ডিসেম্বর রাতে তাকে আটক করে। গাংনী থানার এফ আই আর নং ১১ তারিখ-২৫ ডিসেম্বর ২০১৮।

১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনের ধারা-১৯(১)এর ৩(ক)/১৯ (৪)(মামলা চলমান) ২০১৮ সালের মামলায় অফিস থেকে তাকে সাময়িক বরাখাস্ত করেনি তাই হাজত থেকে জামিনে এসেও মাদক ব্যবসা চালিয়ে গেছেন বলেই মন্তব্য করছেন অনেকেই।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহা. ফজলে রহমান জানান, উপজেলা শিক্ষা অফিসার, গাংনী, মেহেরপুর এর স্মারক নং ৮৮৯ এ ১৮/১২/১৯ খ্রি: প্রতিবেদন মোতাবেক আবু আব্দুল্লাহকে পুলিশ কতৃক গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করায় বি.এস.আর পার্ট-১, ৭৩(২)ধারা মোতাবেক

১৫/১২/১৯খ্রি: হতে সাময়িক বরাখাস্ত হয়েছে।

-গাংনী প্রতিনিধি

গাংনীতে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

মেহেরপুর জেলা সমবায় অফিসের উদ্যোগে সমবায়ীদের দক্ষতা উন্নয়নে গাংনীতে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে।

সোমবার গাংনীর বিআরডিবি হলরুমে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় কর্মকর্তা মো: মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে প্রশিক্ষণে প্রধান অতিথি ছিলেন জেলা সমবায় কর্মকর্তা সৈয়দ জসিম উদ্দিন।

অতিথি বক্তা হিসেবে উপস্থিত ছিলেন গাংনীর সহকারী কমিশনার (ভুমি) মো: ইয়ানুর রহমান, গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কে এম শাহাবুদ্দিন আহমেদ।

অন্যদের মধ্যে জেলা সমবায় অফিসের প্রশিক্ষক নুরুজ্জামান, সহকারি প্রশিক্ষক মোঃ রোকনুজ্জামান তুষার, গাংনী উপজেলা সমবায় অফিসের সহকারি পরিদর্শক মো: হাফিজুর রহমান, মো: রুহুল কুদ্দুস প্রমুখ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

আলমডাঙ্গায় জিকে খালের শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় জিকে (গঙ্গা-কপোতাক্ষ) খালের পাশে গড়ে ওঠা শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ করেছে পানি উন্নয়ন বোর্ড ও জেলা প্রশাসন।

সোমবার এ উচ্ছেদ অভিযান চালানো হয়।

এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম ও এনডিসি সিব্বির আহমেদ।

পানি উন্ন্য়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম জানান, দীর্ঘদিন যাবৎ আলমডাঙ্গা জিকে খালের পাশে অবৈধভাবে গড়ে ওঠে বাড়িঘর।

অনেকে আবার রাস্তার পাশে পাকা ঘর তৈরী করে ব্যবসা প্রতিষ্ঠান নির্মাণ করে।

পানি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশক্রমে আলমডাঙ্গার জিকে খালের পাশে অবৈধ স্থাপনা উচ্ছেদ শুরু করা হয়।

এর আগে গত ৩ ডিসেম্বর খালের পাশে গড়ে ওঠা অবৈধ স্থাপনাগুলো সড়িয়ে নিতে পানি উন্নয়ন বোর্ড থেকে নোটিশ দেয়া হয়েছিল।

এই অভিযান সোমবার থেকে শুরু হলেও অবৈধ স্থাপনাগুলো উচ্ছেদ না হওয়া পর্যন্ত তা অব্যাহত থাকবে।

এদিকে অবৈধ স্থাপনার মালিকেরা জানান, বিভিন্ন সময়ে পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাদের মাধ্যমে খালের পাশের জমি লীজ নিয়ে স্থাপনা নির্মান করেছে তারা।

জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার জানান, জিকে খালের পাশে ২৮৪ জন অবৈধ দখলদার আছে। নদী খালের পানি প্রবাহকে চলমান রাখতেই নদীর পাশে গড়ে ওঠা এসব অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হচ্ছে।

– চুয়াডাঙ্গা প্রতিনিধি

[redacted]

‘[redacted]’ [redacted] [redacted] [redacted]

মেহেরপুরে ভৈরবের পাড়ে অবৈধ স্থাপনা উচ্ছেদ

মেহেরপুরে ভৈরব নদের জমি অবৈধভাবে দখল করা সকল স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। সদর উপজেলার কামদেবপুর, গোভিপুর ও যাদবপুর ইউনিটে টিনের ও ইটের তৈরি ১২টি অবৈধ স্থাপনা ভেঙে দেওয়া হয়েছে।

সেই সাথে পরবর্তিতে যাতে ভৈরব দখল করে কেউ অবৈধ স্থাপনা তৈরি না করে সে জন্য সর্তক করা হয়েছে। সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত এ উচ্ছেদ অভিযান চালানো হয়। উচ্ছেদ অভিযান পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম।

এ বিষয়ে মাসুদুল আলম বলেন, মেহেরপুরের একমাত্র নদ ভৈরবের স্বাভাবিক সৌন্দর্যকে রক্ষা করা ও দখল বাজদের হাত থেকে নদকে বাচাঁনোর জন্য আমরা উচ্ছেদ অভিযান চালিয়েছি। মেহেরপুর সদর উপজেলায় মোট ৪৮টি অবৈধ স্থাপনার তালিকা করা হয়েছিল। এর মধ্যে ৩৬টি স্থাপনা আগে থেকেই সরিয়ে নিয়েছে।

বাকি ১২ টি স্থাপনা আমরা উচ্ছেদ করেছি। ভবিষ্যতে ভৈরব দখল করার চেষ্টা করে তাহলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

এসময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক ইবাদত হোসেন, আঞ্চলিক পানি উন্নয়ন কর্মকর্ত সুবির কুমার ভট্টাচার্য।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর সদর উপজেলার আলমপুর বাজারে অভিযান চালিয়ে ২’শ গ্রাম গাজা সহ হামিদুল ও বাশার আলী নামের দুই মাদক ব্যবসায়ী কে আটক করেছে ডিবি পুলিশ।

রবিবার রাত পৌনে ৮ টার দিকে তাদের আটক করা হয়।

আটক হামিদুল গাংনী উপজেলার পুড়াপাড়া গ্রামের মৃত হাবিবুর রহমানের ও বাশার আলী একই গ্রামের বাদশার ছেলে।

ডিবি ওসি রবিউল ইসলাম জানায়, গোপন সংবাদের ভিত্তিতে আলমপুর বাজারে এই অভিযান পরিচালনা করা হয়।

এ সময় আটককৃতদের কাছ থেকে গাজা উদ্ধার করা হয়।

আটককৃতদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করে তাদের সোপর্দ করা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি:

সাংবাদিক তাপসের কম্বল বিতরণ

গত কয়েকদিন থেকে মেহেরপুরসহ দেশে শত্য প্রবাহ চলছে। এই শীতে সবচাইতে বেশি কষ্ট পাচ্ছে গরিব অসহায় দুস্থ মানুষেরা। এসব মানুষের পাশে দাঁড়াতে সাংবাদিক তাপস শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে।

গতকাল রবিবার তার নিজ গ্রাম গাংনীর ঢেপা ও পাশের গ্রাম জুগিন্দা তে ১০০ কম্বল গরিব অসহায় মানুষের মাঝে বিতরণ করেন।

এ সময় কম্বল পেয়ে এক বৃদ্ধ মহিলা জানান, এই শীতে সবার আগে তাপসের কাছ থেকে কম্বল পেয়ে আমি খুব আনন্দিত। আল্লাহ যেন তাকে আরো দেওয়ার তৌফিক দান করেন।

সাংবাদিক তাপস জানান, মূলত আমি একটা মেসেজ দিতে চাই সমাজের বিত্তবান ব্যক্তিদের কাছে যার যতটুকু সামর্থ্য আছে সে যেন সমাজের অসহায় ও গরীব মানুষের পাশে থাকে।

এদিকে তাপসের এই মহতি উদ্যোগকে এলাকাবাসী সাধুবাদ জানিয়েছেন।

সাংবাদিক রেজ আন উল বাসার তাপস বেসরকারি টেলিভিশন এনটিভি

মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে কর্মরত আছেন।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে মুক্তিযোদ্ধা যাচাই বাছাই, প্রার্থীদের উপস্থিতি কম

মেহেরপুরের গাংনী উপজেলায় মুক্তিযোদ্ধা যাচাই বাছাই শুরু হয়েছে চলতি মাসের ১৮ তারিখ বুধবার থেকে। শুরু থেকেই মুক্তিযোদ্ধাদের উপস্থিতি কম বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।

যাচাই বাছাই কার্যক্রমে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান ছাড়াও রয়েছেন মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সভাপতি সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মো: মকবুল হোসেন।

শুরুতে ধানখোলা ইউনিয়নের মুক্তিযোদ্ধাদের যাচাই বাছাই অনুষ্ঠিত হয় পরের দিন বামন্দী ইউনিয়নের মুক্তিযোদ্ধা যাচাই বাছাই হওয়ার পর রবিবার গাংনী পৌরসভা এলাকার মুক্তিযোদ্ধা যাচাই বাছাই অনুষ্ঠিত হয়।

এদিকে দ্বিতীয় দিনেও বামন্দী ইউনিয়নের উপস্থিতি ছিল ৩২ জনের মধ্যে মাত্র ১৬ জন। পৌরসভার মধ্যে মুক্তিযোদ্ধা যাচাই বাছাইয়ের দিনও ৩৬ জনের মধ্যে উপস্থিত ছিলেন ১৭ জন।

তবে মুক্তিযোদ্ধা অন্তর্ভূক্তি হওয়ার জন্য যারা আবেদন করেছিলেন তারা নিজেদের মুক্তিযোদ্ধা দাবি করেও মৌখিক স্বাক্ষাতকারে কেন অনুপস্থিত রয়েছেন এমন প্রশ্নের জবাবে পৌর এলাকার আওয়ামী লীগ নেতা আইয়ুব আলি নিজেকে মুক্তিযোদ্ধা দাবি করে বলেন অনেক মুক্তিযোদ্ধারা আসেননি কারণ তাদের স্বাক্ষী কেউ হতে চাচ্ছেন না। যে কারণে তারা দেখছেন স্বাক্ষী যদি না পাওয়া যায় তাহলে আমাদের স্বাক্ষাতকারে গিয়ে কোন লাভ হবে না একারণে অনেকেই অনুপস্থিত রয়েছেন।

তবে যাচাই বাছাইয়ে দেখা গেছে অনেকেই তারা মুক্তিযুদ্ধের সনদ আনতে ব্যার্থ হয়েছেন। অনেকে দাবি করেছেন মুক্তিযুদ্ধে অংশ না নিতে পারলেও ইয়ুথ ক্যাম্পে ট্রেইনিং চলাকালীন সময়ে দেশ স্বাধীন হয়ে গেছে। যে কারণে তারা মুক্তিযুদ্ধে অংশ গ্রহন করতে পারেননি। এদের মধ্যেই অনেকেই মুক্তিযোদ্ধা দাবি করলেও ইয়ুথ ক্যাম্পের কোন কাগজ পত্র দেখাতে পারেননি।

এ বিষয়ে জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাংগঠনিক সম্পাদক মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম বলেন, সঠিক প্রমাণাদি বা কাগজ পত্র যোগাড় করতে না পারায় অনেকে নাম দিয়েও স্বাক্ষাতকারে আসেননি তাই উপস্থিতি সংখ্যা কম।

তবে মুক্তিযোদ্ধা ও সচেতন মহল মুক্তিযোদ্ধা যাচাই বাছাইয়ে সরকার যে পদ্ধাতি গ্রহন করেছেন তাকে তারা স্বাগত জানিয়েছেন। কারণ এতে কেউ ভুয়া ভাবে মুক্তিযোদ্ধা হতে পারবে না।

- গাংনী প্রতিনিধি

দামুড়হুদা সীমান্তে সাতটি গরু ও ১১টি মহিষ আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার পৃথক চারটি সীমান্তে বিজিবির পাঁচটি অভিযানে ভারতীয় সাতটি গরু ও ১১টি মহিষ আটক করা হয়েছে।

রবিবার দিনব্যাপি এসব অভিযান চলে। আটককৃত গরু ও মহিষের মূল্য ২৫ লাখ ৬০ হাজার টাকা বলে জানায় বিজিবি।

চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক মোহাম্মদ খালেকুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে রবিবার সকাল ৫টায় দামুড়হুদার ঠাকুরপুর, সাড়ে ৫টায় চাকুলিয়া ও বড়বলদিয়া, সাড়ে ৭টায় চাকুলিয়া এবং বিকাল ৪টায় ওসমানপুর এলাকায় চোরাচালান বিরোধী অভিযান চালানো হয়।

অভিযানে ঠাকুরপুর এলাকা থেকে ৫টি গরু ও ৩টি মহিষ, চাকুলিয়া এলাকা

থেকে ১টি গরু ও ৬টি মহিষ, বড়বলদিয়া এলাকা থেকে ২টি মহিষ এবং ওসমানপুর এলাকা থেকে ১টি গরু আটক করা হয়।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

মুজিবনগর সীমান্ত দিয়ে ৮ বাংলাদেশীকে পুশ ব্যাক করেছে বিএসএফ

মেহেরপুরের মুজিবনগর সীমান্ত দিয়ে ৮ বাংলাদেশীকে পুশ ব্যাক করেছে বিএসএফ। রোববার দুপুর আড়াইটার দিকে মুজিবনগর উপজেলার জয়পুর তারানগর সীমান্ত দিয়ে তাদের পুশ ব্যাক করা হলেও পুলিশ সন্ধ্যার দিকে এ তথ্য নিশ্চিত করে।

আটককৃতরা হলেন, মাদারীপুর জেলার জাজিরা গ্রামের সালাম বেপারীর ছেলে রবিউল ইসলাম ব্যাপারি (২০), কোটাবাড়ি শ্রীনদী এলাকার লিজন হাওলাদারের ছেলে শাকিল হাওলাদার (২১), একই জেলার রাজৈর উপজেলার কাটিয়াকান্দি গ্রামের আব্দুর রহিম মুন্সির ছেলে সিরাজুল মুন্সি (২৫), যশোর জেলার কেশবপুর উপজেলার হাসানপুর বুড়িহাটি এলাকার মালেক সর্দ্দারের ছেলে আজিজুল সর্দ্দার (২৩), মনিরামপুর উপজেলার চাঁদপুর গ্রামের আজয়কুমার দাশের ছেলে শিমুল দাশ (৩০), কোতুয়ালী উপজেলার চাকলঘাট এলাকার পান্নুর ছেলে সুমন হোসেন (২০), সাতক্ষীরা জেলার তালা উপজেলার শকশেপুর গ্রামের মৃত শাহাদৎ হোসেনের ছেলে রিপন সর্দ্দার (২২) ও পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলার শ্রীরামকাঠি গ্রামের রতন মোল্লার ছেলে মানিক হোসেন মোল্লা (২৫)।

পুলিশ জানায়, মুজিবনগর সীমান্তের তারানগর সীমান্ত দিয়ে ৮ বাংলাদেশীকে পুশব্যাক করেছে বিএসএফ সদস্যরা। পরে তারা আনন্দবাস বাজার থেকে বাগোয়ান বাজারের দিকে যাওয়ার পথে রাস্তার মাঝে মিয়া মুনসুর এমএম একাডেমির সামনে থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা জানান, ভারতের উত্তর-পশ্চিম বরগুনা দমদম সেন্ট্রাল জেলে বিভিন্ন মেয়াদে সাজা খাটার পর বিএসএফ তাদের এক জায়গায় রেখে দিয়ে সুযোগ বুঝে বাংলাদেশে পাঠিয়ে দিয়েছে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল হাশেম জানান, রোববার দুপুরের দিকে আসামিরা আনন্দবাস বাজার থেকে বাগোয়ান বাজারের দিকে যাওয়ার পথে রাস্তার মাঝে মিয়া মুনসুর এমএম একাডেমির সামনে এলোমেলোভাবে ঘোরাফেরা করছিলো। স্থানীয়দের সন্দেহ হওয়ায় আমাদের খবর দিলে সেখান থেকে তাদের আটক করে তাদের থানায় নেওয়া হয়। পরে জিজ্ঞাসাবাদ শেষে আটকদের সন্ধ্যার দিকে তাদের বিরুদ্ধে মামলা দিয়ে আদালতের মাধ্যমে মেহেরপুর কারাগারে পাঠানো হয়েছে।

- মুজিবনগর অফিস